

আনন্দবাজার পত্রিকা

শব্দছক ৮০২৬

কলকাতা ১১

আনন্দবাজার পত্রিকা কলকাতা শুক্রবার ১৬ জুন ২০২৩

এক নজরে

১০০টি অস্থিমজ্জা প্রতিস্থাপন

▶▶ দশ বছর আগে তারা প্রথম শুরু করেছিল রক্তের ক্যানসারে আক্রান্তদের শরীরে অস্থিমজ্জা প্রতিস্থাপন। চলতি বছরে সেই প্রতিস্থাপনের সংখ্যা একশো পেরিয়ে গেল। সব চেয়ে বেশি বয়সের রোগী ৭১ এবং সব চেয়ে কম বয়সের রোগী ১৫ বছরের। স্বাস্থ্যসাধী প্রকল্পেও অস্থিমজ্জা প্রতিস্থাপন করা হয় এই হাসপাতালে। বৃহস্পতিবার ঠাকুরপুকুরের সেই 'সরোজ গুপ্ত ক্যানসার সেন্টার অ্যান্ড রিসার্চ ইনস্টিটিউট'-এর অধিকর্তা অর্ণব গুপ্ত বলেন, "এন আর এস মেডিক্যাল কলেজের পরে আমরা প্রতিস্থাপন শুরু করেছি। এখন রাজ্যে দু'টি সরকারি মেডিক্যাল কলেজ-সহ মোট আটটি হাসপাতালে অস্থিমজ্জা প্রতিস্থাপন হয়।" হাসপাতাল কর্তৃপক্ষের দাবি, তাঁদের মৃত্যু-শূন্য সাফল্যের নেপথ্যে রয়েছে উন্নত পরিকাঠামো। আমেরিকা ও গুজরাত থেকে ওই হাসপাতালের হেমাটো-অঙ্কোলজির চিকিৎসকেরা প্রশিক্ষণ নিয়ে এসেছেন।